নিবন্ধন পরিদপ্তর

স্মারক নং-৪৩৪১ তারিখঃ১০-০৪-২০০৪ ইং

বরাবরঃ জেলা রেজিস্ট্রার, ঢাকা।

সূত্রঃ তাহার স্মারক নং- ৮০১ তারিখঃ ১৫-০৩-২০০০ ইং

উপরোক্ত সূত্রে বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, নকলের জন্য অপেক্ষমান (Uncopied Deed) দলিল হস্তান্তর অবৈধ। নিম্ন আদালত বা পুলিশ অফিসার প্রয়োজনে কোন দলিল জব্দ করিতে পারেন। কিন্তু জব্দকৃত দলিল অবশ্যই সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার এর হেফাজতে থাকিবে। তবে বিজ্ঞ আদালত কর্তৃক সংশ্লিষ্ট আদালতে বাা সংশ্লিষ্ট বিশেষজ্ঞের নিকট উপস্থাপনের জন্য নির্দেশ থাকিলে আদেশ মতে দলিল বা নথি সীলগালাকৃত খামে সাব-রেজিস্ট্রার বা তাহার মনোনীত কর্মচারী উহা প্রয়োজনীয় কার্যক্রমের জন্য যতবার প্রয়োজন হইবে ততবার উপস্থাপন করিবেন।

তর্কিত দলিলটি জব্দ করিবার জন্য মাননীয় আদালতের অনুমতি থাকিলেও উহা হস্তান্তরের কোন নির্দেশ নাই। এক্ষেত্রে আদালত হইতে উপযুক্ত নির্দেশ গ্রহণ করিয়া সংশ্লিষ্ট আবেদনকারী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারকে রেজিস্ট্রেশন বিধির ১১০ নং বিধি অনুসরণ করিতে বলা যায়।

স্বাঃ অস্পষ্ট
(টি, আই, এম, নূরুন নবী চৌধুরী)
মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ।